# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৯৭

২৪/ অভিযান (كتاب السير عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর বায়আত পদ্ধতি।

## باب مَا جَاءَ فِي بَيْعَةِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدٍ الأُمَوِيُّ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنِ الأَوْزَاعِيِّ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، فِي قَوْلِهِ تَعَالَى: (لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ ) قَالَ جَابِرٌ بَايَعْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى أَنْ لاَ نَفِرَّ وَلَمْ نُبَايِعْهُ عَلَى الْمَوْتِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَلَمَةَ بْنِ الأَكْوَعِ وَابْنِ عُمَرَ وَعُبَادَةَ وَجَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ عِيسَى بْنِ يُونُسَ عَنِ الأَوْزَاعِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ قَالَ قَالَ جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ وَلَمْ يُذْكَرْ فِيهِ أَبُو سَلَمَةَ .

বাংলা

১৫৯৭। সাঈদ ইবনু ইয়াহইয়া ইবনু সাঈদ উমামী (রহঃ) ... জাবির ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ আল্লাহ অবশ্য মু’মিনদের উপর সন্তুষ্ট হয়েছেন যখন তারা আপনার কাছে বায়আত করছিলো বৃক্ষের নীচে (৪৮ঃ ১৮) এই প্রসঙ্গে তিনি বলেন, আমরা পলায়ন করব না বলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বায়আত হয়েছিলাম। মৃত্যু-এর শর্তে আমরা বায়আত হইনি। সহীহ, মুসলিম - আয়াতের উল্লেখ ব্যতীত, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৯১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সালামা ইবনু আকওয়া, ইবনু উমার, উবাদা জারির ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। উক্ত হাদীসটি ঈসা ইবনু ইউনুস-আওযাঈ-ইয়াহইয়া ইবনু আবী কাছীর-জাবির ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহুম সূত্রেও বর্ণিত আছে। এতে আবূ সালামা রাদিয়াল্লাহু আনহু-এর উল্লেখ নেই।

## English

Narrated Yahya bin Abi Kathir:

From Abu Salamah, from Jabir bin Abdullah about the statement of Allah, most High: Allah was pleased with the believers when they gave the pledge to you under the tree (48:18). that Jabir said: "We pledged to the Messenger of Allah (ﷺ) that we would not flee, and we did not pledge to him for death."

[He said:] There are narration on this topic from Salamah bin Al-Akwa', Ibn 'Umar, 'Ubadah, and Jarir bin 'Abdullah.

[Abu 'Eisa said:] This Hadith is been reported from 'Eisa bin Yunus, from Al-Awza'i, from Yahya bin Abi Kathir who said: "Jabir bin 'Abdullah said" and he did not mention Abu Salamah on it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22106

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন